

(২)

অথবা

৪. 'আদিম রিপু' উপন্যাসটির সূচনা প্রত্যক্ষ সংগ্রাম দিবস অর্থাৎ ১৬ অগাস্ট ১৯৪৬-এর অব্যবহিত পরবর্তী সময়ে আর শেষ স্বাধীনতার পুণ্য লগ্নে। এই ঐতিহাসিক সময়কে শরদিন্দু কীভাবে তার এই ব্যোমকেশ কাহিনির পক্ষে অপরিহার্য করে তুলেছেন আলোচনা করে দেখাও। ১০

৫. শরদিন্দুর 'দুর্গ রহস্য' ও সত্যজিতের 'সোনার কেলা' দুটি কাহিনিতেই দুর্গ ও গুপ্তধন প্রসঙ্গে থাকলো গোয়েন্দা গল্প হিসেবে এদের স্বাদ একেবারেই আলাদা। মন্তব্যটি বিচার করো। ১০

অথবা

৬. 'জয় বাবা ফেলুনাথ' গল্পে ঘোষাল বাড়ির মহামূল্যবান গণেশ মূর্তির অন্তর্ধান রহস্যে কাল্পনিক রহস্য রোমাঞ্চ সিরিজের একাধিক লেখকের নানান রোমহর্ষক গল্প কীভাবে মূল কাহিনির পক্ষে প্রাসঙ্গিক হয়ে উঠেছে দেখাও। ১০

— X —

Ex./BANGLA/PG/3.56A/60/2017

স্নাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৭

(দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার)

বাংলা

বাংলা রহস্য-রোমাঞ্চ ও গোয়েন্দা কাহিনি

কোর্স পি.জি. - ৩.৫৬এ

সময় দু'ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও

সব প্রশ্নের মান সমান

১. আধুনিক রাষ্ট্রের পুলিশ ও বিচার ব্যবস্থার ওপর ভিত্তি করে যেসব 'পুলিশ-কাহিনি' লেখা শুরু হয় সেগুলিকে কি 'গোয়েন্দা কাহিনি' বলা চলে? তোমার পড়া যে কোনো বাংলা সাহিত্যের উদাহরণ ব্যবহার করে এ বিষয়ে মতামত জানাও। ১০

অথবা

২. বাংলা গোয়েন্দা গল্প পড়ার অভিজ্ঞতার এস. এস. ভ্যান ডাইনের 'Twenty rules for writing detective stories' (1928) তোমার আদৌ গ্রহণযোগ্য বলে মনে হয়েছে কি? যুক্তিসহ লেখো। ১০

৩. গোয়েন্দা চরিত্র হিসেবে কৃষ্ণর বৈশিষ্ট্য আলোচনা সূত্রে এই চরিত্র নির্মাণে প্রভাবতী দেবী সরস্বতীর কোনো বিশেষ অভিপ্রায় কাজ করেছে বলে তোমার মনে হয় কিনা জানাও। ১০

(Turn Over)